# ২৮.০৮.২০২৩ খ্রি. রোজ সোমবার উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সময় ঃ সকাল ১০.০০ টা।
স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সভাপতি ঃ জনাব মো: তরিকুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, পাবনা।

সভায় সদস্যবৃন্দ উপস্থিত পরিশিষ্ট "ক" তে বর্ণিত।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অত:পর সভাপতি উপজেলা কৃষি অফিসার, সুজানগর, পাবনাকে আলোচনার সূত্রপাত করার জন্য অনুরোধ করেন।

**সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | ২০২৩-২৪ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে মাসকলাই উৎপাদন বৃদ্ধি প্রণোদনা কর্মসূচির আওতায় ইউনিয়ন/পৌরসভায় বিভাজন সংক্রান্ত | উপজেলা কৃষি অফিসার, সুজানগর, পাবনা উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পাবনা মহোদয়ের কার্যালয়ের স্মারক নং-১৭১০, তারিখ: ২৪/০৮/২০২৩ খ্রি. মূলে জেলা কৃষি পুর্নবাসন বাস্তবায়ন কমিটির কার্যবিবরনী পাঠ করে শুনান এবং তিনি জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে মাসকলাই উৎপাদন বৃদ্ধি প্রণোদনা কর্মসূচির আওতায় অত্র উপজেলার জন্য ৪০০ বিঘা (৪০০ জন) প্রণোদনার বরাদ্দ পাওয়া যায়। তিনি আরও জানান যে, প্রতি কৃষক পরিবার ০১ বিঘা জমি চাষের জন্য মাসকালাই বীজ ০৫ (পাঁচ) কেজি, ডিএপি ১০ (দশ) কেজি ও এমওপি ০৫ (পাঁচ) কেজি হারে সর্বমোট ২০ (বিশ) কেজি উপকরণ সহায়তা পাবেন। অত্র উপজেলায় মাসকালাই আবাদের বিষয় বিবেচনা করে ইউনিয়ন/পৌরসভায় উপবরাদ্দের প্রস্তাবনা সভায় পেশ করেন এবং বিতরণের নীতিমালা সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**<u>সিদ্ধান্ত-১ঃ</u>** ইউনিয়ন/পৌরসভা প্রণোদনা প্রাপ্য বিঘার (কৃষক সংখ্যা) প্রস্তাব বিভাজন পরিশিষ্ট "খ" মোতাবেক সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**<u>সিদ্ধান্ত-২ঃ</u>** উপবরাদ্দ মোতাবেক ইউনিয়ন/পৌরসভার ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের অগ্রাধিকার তালিকা সংশ্লিষ্ট উপসহকারী কৃষি অফিসার কর্তৃক প্রস্তুত পূর্বক আগামী ০৫/০৯/২০২৩ খ্রি. তারিখের মধ্যে উপজেলা কৃষি পুনর্বাসন কমিটির নিকট দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**সিদ্ধান্ত-৩:** নীতিমালা অনুসারে সকল উপকরণ উপজেলা সদর হতে বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, সুজানগর, পাবনা। |
| ০২ | উপকরণ সংগ্রহ ও বিতরণ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, কর্মসূচির আওতায় বীজ বিএডিসি, পাবনা, আঞ্চলিক গুদাম হতে এবং ডিএপি ও এমওপি সার বিএডিসি, উল্লাপাড়া হতে ক্রয়ের নিদের্শনা রয়েছে।<br>**<u>সিদ্ধান্ত-১ঃ</u>** নীতিমালা অনুসারে কর্মসূচির দ্রুত বাস্তবায়নের জন্য সরকারী প্রতিষ্ঠান হতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নগদ মূল্যে ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, সুজানগর, পাবনা। |

CamScanner

## ইউনিয়ন/পৌরসভা ওয়ারী উপ-বরাদ্দ

| ক্র. নং | ইউনিয়ন/পৌরসভা | মাসকালাই (বিঘা) | মোট বিঘা/ কৃষক সংখ্যা (জন) |
|---|---|---|---|
| ০১ | পৌরসভা | ৩০ | ৩০ |
| ০২ | ভায়না | ৫০ | ৫০ |
| ০৩ | সাতবাড়িয়া | ৬০ | ৬০ |
| ০৪ | মানিকহাট | ৪০ | ৪০ |
| ০৫ | হাটখালি | ২০ | ২০ |
| ০৬ | নাজিরগঞ্জ | ৫০ | ৫০ |
| ০৭ | সাগরকান্দি | ২০ | ২০ |
| ০৮ | রাণীনগর | ২০ | ২০ |
| ০৯ | আহম্মদপুর | ৩৫ | ৩৫ |
| ১০ | দুলাই | ৩৫ | ৩৫ |
| ১১ | তাঁতিবন্ধ | ৪০ | ৪০ |
| | মোট = | ৪০০ | ৪০০ |

**বিতরণের নীতিমালা ঃ**

১। অনুমোদিত অগ্রাধিকার তালিকা মোতাবেক প্রত্যেক কৃষকের স্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষি কার্ডে ভতুর্কি অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে মাস্টাররোলের মাধ্যমে বিতরণ করতে হবে এবং কোনো অবস্থায় অনুমোদিত প্রকৃত তালিকভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে উপকরণ বিতরণ করা যাবে না।

২। এক জন কৃষক ০১ বিঘা জমির জন্য ০৫ (পাঁচ) কেজি বীজ, ১০ (দশ) কেজি ডিএপি ও ০৫ (পাঁচ) কেজি এমওপি রাসায়নিক সার সহায়তা পাবেন।

৩। কর্মসূচির আওতায় ১০(দশ) জনের একটি গ্রুপ করে প্রতি গ্রুপে ৫০ কেজি ওজনের ০২ (দুই) বস্তা ডিএপি ও ৫০ কেজি ওজনের ০১ (এক) বস্তা এমওপি সার বিতরণ করতে হবে।

৪। কর্মসূচির আওতায় উপকরণ বিতরণের পরপরই মাস্টাররোল উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুর্নবাসন বাস্তবায়ন কমিটি, সুজানগর, পাবনা এর কার্যালয়ে জমা দিতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি করেন।

(মো: তরিকুর ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
সুজানগর, পাবনা।

স্মারক নং-১২.১৭.৭৬৮৩.০০০.৪৪.০৪৪.২৩.৬০৭ তারিখ: ২৮.০৮.২০২৩ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, পাবনা-২।
২। জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, পাবনা।
৩। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, পাবনা।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুজানগর, পাবনা।
৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুজানগর, পাবনা।
৬। উপজেলা ------------------------------- অফিসার ও সদস্য, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, সুজানগর, পাবনা।
৭। জনাব ---------------------------------------------- সদস্য, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, সুজানগর, পাবনা।
৮। উপসহকারী কৃষি কর্মকর্তা (সকল) -------------------------------- ব্লক -------------------------- ইউনিয়ন।
৯। অফিস নথি।

২৮/০৮/২৩

(মো: রাফিউল ইসলাম)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি
সুজানগর, পাবনা।

CamScanner

## পরিশিষ্ট "ক"

সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর

| ক্র. নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মো: তরিকুল ইসলাম | উপজেলা নির্বাহী অফিসার | স্বাক্ষরিত |
| ০২ | জনাব মো: রাফিউল ইসলাম | উপজেলা কৃষি অফিসার | ঐ |
| ০৩ | জনাব ডা: মো: আবু রেজা তালুকদার | উপজেরা প্রাণী সম্পদ অফিসার | ঐ |
| ০৪ | জনাব মো: নূর কাজমীর জামান খান | উপজেলা মৎস্য অফিসার | ঐ |
| ০৫ | জনাব মো: নাজমুল হুদা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার | ঐ |
| ০৬ | জনাব মো: আব্দুস ছাত্তার | কৃষক প্রতিনিধি | ঐ |
| ০৭ | জনাব মো: হামিদুল হক হাজারী | মাননীয় সংসদ সদস্য মনোনীত প্রতিনিধি | ঐ |

CamScanner